# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

এস্টেট শাখা

## দরপত্র বিজ্ঞপ্তি

| | | | |
|---|---|---|---|
| ১। | দরপত্র বিজ্ঞপ্তি নং | ঃ | রেজিঃ/২৭২/৫/৩৪০ |
| ২। | দরপত্র দলিল বিক্রয়ের স্থান, শেষ তারিখ ও সময় | ঃ | সোনালী ব্যাংক, শাবিপ্রবি শাখা, সিলেট, তাং ১৭-০৮-২০১৭, দুপুর ১.০০টা পর্যন্ত। |
| ৩। | দরপত্র গ্রহণের স্থান, তারিখ ও সময় | ঃ | রেজিস্ট্রার দপ্তর, শাবিপ্রবি, সিলেট, তাং ২১-০৮-২০১৭, সকাল ১১.০০টা পর্যন্ত |
| ৪। | দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় | ঃ | রেজিস্ট্রার দপ্তর, শাবিপ্রবি, সিলেট, তাং ২১-০৮-২০১৭, দুপুর ১২.০০টা |
| ৫। | কাজের বিবরণ | | |

| কাজের নাম | আর্নেস্টমানি (টাকা) | সিডিউল মূল্য (টাকা) | লীজের মেয়াদ |
|---|---|---|---|
| মাছ চাষাবাদের জন্য বিশ্ববিদ্যালয়ের প্রধান গেইট হতে উপাচার্য মহোদয়ের বাংলোর ব্রিজ পর্যন্ত প্রধান সড়কের শুধুমাত্র ডানপাশের জলাশয় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লীজ প্রদান। | ৩০,০০০.০০ | ২০০.০০ (দুইশত টাকা) | ০১-০৯-২০১৭ইং হতে ৩১-০৮-২০১৮ইং পর্যন্ত। |

৬। ঠিকাদারের যোগ্যতাঃ যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান যার নামে দরপত্র সিডিউল ক্রয় করা হবে তার নামেই দরপত্র দাখিল করতে হবে। অন্যথায় তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭। যে কোন তফসিলি ব্যাংক হতে আর্নেস্টমানির টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এর অনুকূলে জমা দিতে হবে। অন্য কোন আকারে কোন আর্নেস্টমানি গ্রহণ করা হবে না এবং ত্রুটিপূর্ণ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যেমন-নাম্বার বা তারিখবিহীন কিংবা ব্যাংকের নাম না থাকা) সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। সরকারি বিধান অনুযায়ী ভ্যাট, উৎস কর এবং ভবিষ্যতে অন্য কোন প্রকার কর প্রযোজ্য হলে দরপত্র দাখিলকারীকে তা বহন করতে হবে।

৯। কর্তৃপক্ষ সর্বোচ্চ মূল্য প্রদানকারীর দরপত্র গ্রহণে বাধ্য নহে।

১০। কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরপত্র পূর্ণাঙ্গ কিংবা আংশিকভাবে গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১১। অনিবার্য কারণবশতঃ নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ করা সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে তা গ্রহণ করা হবে এবং সেক্ষেত্রে দরপত্রের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

**মুহাম্মদ ইশফাকুল হোসেন**
রেজিস্ট্রার
ও
ভারপ্রাপ্ত এস্টেট কর্মকর্তা
শাবিপ্রবি, সিলেট

জিডি-১৫৮৭



# The Security Printing Corporation (Bangladesh) Ltd

Gazipur
Website: www.spcbl.org.bd

## Local e-Tender

Electronic tenders (e-Tenders) are hereby invited from the competent local manufacturers/suppliers for supply of the following items for this Corporation as per under noted schedule. Tender documents showing terms and conditions with specification will be available at web: etender.spcbl.org.bd/114.130.43.56. It is to mention here that this is online tender where only e-Tender will be accepted and no hard copy will be accepted except price of e-tender schedule and earnest money. To submit e-Tender bidders need to register on etender.spcbl.org.bd/114.130.43.56. For more details please contact cell: 880-1534002183 & 880-1534002184. Necessary information is given below:

| Sl No. | Names of the item(s) | Date of publish of e-Tender | Last date and time for submission of e-Tender | Date & time for opening of e-Tender | Value of tender schedule (non-refundable) |
|---|---|---|---|---|---|
| 1. | 60,000 pcs Polythene bag (For non-judicial stamp packing) | 06.08.2017 | 04.09.2017 up to 11.00am | 04.09.2017 at 11.15am | Tk. 300.00 |
| 2. | 44,929 kgs Toluene | 06.08.2017 | 04.09.2017 up to 11.00am | 04.09.2017 at 11.15am | Tk. 1,000.00 |
| 3. | 1,80,000 kgs Sodium Hydroxide (Flake) | 06.08.2017 | 05.09.2017 up to 11.00am | 05.09.2017 at 11.15am | Tk. 5,000.00 |

Bidders may collect the e-Tender schedule from the abovementioned website. Bidders need to submit earnest money separately @ 3% (three percent) of the total quoted price in the form of Bank Draft/Pay Order/Irrevocable Bank Guarantee in favour of the "Managing Director, The Security Printing Corporation (Bangladesh) Ltd" along with the price of e-Tender schedule in the form of an Account Payee Cheque/Pay-Order/DD in the tender box kept at Corporation's office in Gazipur on or before the scheduled deadline for submission of e-Tender. e-Tender(s) without earnest money and price for procurement of e-Tender schedule shall not be acceptable. The e-Tender shall have to submit as per e-Tender guidelines mentioned at above website. Offer(s) shall be opened as per schedule mentioned above in presence of the tenderer(s) if any. 01 (one) e-Tender schedule is applicable only for one supplier/manufacturer for submitting one offer along with earnest money and price of e-Tender schedule. The authority reserves the right to reject or accept any e-Tender without assigning any reason whatsoever. Submission of e-Tender after the specified time shall not be acceptable under any circumstances.

**Rashid Ahmed**
General Manager (Local Purchase & Sales)
Phone: 88-02-9205103

GD-1585



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
(www.wewb.gov.bd)

নম্বর- ৪৯.০৪.০০০০.০১০.০০.৭৩৩.২০১৭(০৫)-১৬৯ তারিখ: ০১-০৮-২০১৭খ্রিঃ।

## বিজ্ঞপ্তি

## প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষা বৃত্তির দরখাস্ত আহ্বান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান শ্রেণিতে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলী:**

(১) আবেদনকারীকে ২০১৭ সালে এসএসসি অথবা সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত হয়ে দেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ অথবা সমমান অথবা ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরত থাকতে হবে। তবে প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানগণ জিপিএ-৪ প্রাপ্ত হলে আবেদন করতে পারবেন;

(২) বিদেশে বৈধভাবে গমনকারী/বৈধভাবে কর্মরত কর্মীর সন্তানগণ (প্রত্যাগত কর্মী ও মৃতকর্মীসহ) শিক্ষা বৃত্তির জন্য আবেদন করতে পারবে;

(৩) i) এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী বৃত্তির জন্য মনোনীত হলে একাদশ ও দ্বাদশ শ্রেণিতে ২ বছর এবং ডিপ্লোমা শ্রেণির ক্ষেত্রে ৪ বছর মাসিক ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে;

ii) বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ক্রয়সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ হিসাবে একাদশ ও দ্বাদশ ২ বছর এবং ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের ৪ বছর ৩০০০/- (তিন হাজার) টাকা করে প্রদান করা হবে;

(৪) **আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:**

i) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে আনুষঙ্গিক কাগজপত্রাদি (যেমন: পাসপোর্ট ও ভিসা এবং বহির্গমন ছাড়পত্র/স্মার্ট কার্ড এর সত্যায়িত ফটোকপি/বিদেশে বৈধভাবে কর্মরত আছেন/ছিলেন মর্মে দূতাবাস অথবা হাইকমিশন কর্তৃক প্রত্যয়ন পত্র/ইকামার কপি ইত্যাদি) সত্যায়িত কপি;

ii) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানদের ক্ষেত্রে দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC ও মৃত্যু সনদ অবশ্যই দাখিল করতে হবে;

iii) একাদশ/ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে অধ্যয়নরত রয়েছেন মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

iv) শিক্ষার্থীর ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);

v) মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);

(৫) আবেদনপত্র ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট (www.wewb.gov.bd) হতে সংগ্রহ করা যাবে;

(৬) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ৩১ আগস্ট, ২০১৭খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, রুম নং- ৯১২, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকায় পৌছাতে হবে ;

(৭) বৃত্তি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(৯) আর্থিকভাবে অস্বচ্ছল প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের বৃত্তি প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে;

(১০) যে কোন তথ্যের জন্য জনাব মোঃ জাহিদ আনোয়ার, সহকারী পরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (ফোনঃ ০২-৪৯৩৫৪২৮৩) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

**(নূরুন আখতার)**
উপ-সচিব
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
d.ad@wewb.gov.bd

GD-1562



# ঢাকা বিশ্ববিদ্যালয়

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১মবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

২০১২ সন থেকে ২০১৫ সন পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০১৭ সনের উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য নির্ধারিত শর্ত পূরণ করেছে কেবল তারাই ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ভর্তি প্রার্থীরা ০৭/০৮/২০১৭ **(অপরাহ্ন ২:০০টা)** থেকে ২৯/০৮/২০১৭ **(রাত ১০:০০টা)** তারিখ পর্যন্ত সময়ের মধ্যে Internet-এর সুবিধা সম্বলিত কম্পিউটার থেকে **Dhaka University Admission Website (http://admission.eis.du.ac.bd)** এর মাধ্যমে অনলাইনে আবেদন করে টাকা জমাদানের জন্য নির্ধারিত পেমেন্ট স্লিপ ডাউনলোড করে ব্যাংকে টাকা জমা দিতে পারবে।

**ক-ইউনিট:** **বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস ও ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটে বিজ্ঞান ও কৃষিবিজ্ঞান শাখার ছাত্র/ছাত্রী আবেদন করতে পারবে।**

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগ/ইনস্টিটিউট-এ ভর্তির জন্য আবেদন করা যাবে তা ওয়েবসাইটে প্রদত্ত ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

বিজ্ঞান ও কৃষিবিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম ও **IGCSE/O Level** এবং **IAL/GCE A Level** পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৮.০ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ-৩.৫ থাকতে হবে) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস ও ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদে অন্তর্ভুক্ত বিভাগ/বিষয়সমূহ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটে মেধা অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তিচ্ছু বিষয়ে অথবা ঐ বিষয়ের সঙ্গে সম্বন্ধযুক্ত অনুমোদিত বিষয়ে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন গ্রেড/গ্রেড পয়েন্ট প্রাপ্তির শর্তাদি ওয়েবসাইটে প্রদত্ত ভর্তি-নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

**খ-ইউনিট:** **কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদ-এর সকল বিভাগ এবং আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ভূগোল ও পরিবেশ বিভাগ, জীববিজ্ঞান অনুষদের মনোবিজ্ঞান বিভাগ, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সমাজকল্যাণ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষা, (বিএড সম্মান), আধুনিক ভাষা ইনস্টিটিউটের ইংরেজিসহ বিভিন্ন বিদেশী ভাষায় সম্মান কোর্স এবং স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের স্বাস্থ্য অর্থনীতি, ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনেরাবিলিটি স্টাডিজ-এর ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনেরাবিলিটি স্টাডিজ বিষয়।**

মানবিক শাখার ছাত্র-ছাত্রী এবং **IGCSE/O Level** এবং **IAL/GCE A Level** বা সমতুল্য পরীক্ষায় যাদের কমপক্ষে ২টি মানবিক শাখার বিষয় আছে তারা আবেদন করতে পারবে।

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগ/ইনস্টিটিউট-এ ভর্তির জন্য আবেদন করা যাবে তা ওয়েবসাইটে প্রদত্ত ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রী ঘ-ইউনিটের (Transfer Unit) মাধ্যমে এই ইউনিটের বিভাগগুলোতে ভর্তি হতে পারবে না।

মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের মানবিক শাখার আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.০ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ-৩.০ থাকতে হবে) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন গ্রেড/গ্রেড পয়েন্ট প্রাপ্তির শর্তাদি এবং বিভাগীয় শর্তাদি ওয়েবসাইটে প্রদত্ত ভর্তি-নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

**গ-ইউনিট: বিজনেস স্টাডিজ অনুষদ**

**ব্যবসায় শিক্ষা এবং IGCSE/O Level এবং IAL/GCE A Level বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ আবেদন করতে পারবে।**

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগে ভর্তির জন্য আবেদন করা যাবে তা ওয়েবসাইটে প্রদত্ত ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

ব্যবসায় শিক্ষা শাখায় উচ্চ মাধ্যমিক, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ, ডিপ্লোমা-ইন-কমার্স ও বিজনেস ম্যানেজমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ-৩.৫ থাকতে হবে) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ, ডিপ্লোমা-ইন-কমার্স ও বিজনেস ম্যানেজমেন্ট শাখা থেকে আগত প্রার্থীদের একাউন্টিং বিষয়টি অবশ্যই থাকতে হবে এবং উক্ত বিষয়ে ন্যূনতম বি-গ্রেড (গ্রেড-পয়েন্ট ৩.০) হতে হবে। ইউনিট কর্তৃক নির্ধারিত অন্যান্য শর্ত ওয়েবসাইটে প্রদত্ত ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

গ-ইউনিটভুক্ত প্রার্থীরা কেবল বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহের আসনগুলোতে ভর্তি হতে পারবে। তাদের ক, খ ও ঘ ইউনিটভুক্ত বিভাগগুলোতে 'গ' ইউনিটের পরীক্ষার মাধ্যমে ভর্তির কোন সুযোগ থাকবে না। তবে কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের বিভাগগুলোতে ভর্তি প্রার্থীদের ঘ-ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষা দিতে হবে।

**ঘ-ইউনিট: বদলি ইউনিট (Transfer Unit)**

**মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/IGCSE/O Level এবং IAL/GCE A Level বা সমতুল্য শাখার ছাত্র-ছাত্রীগণ আবেদন করতে পারবে।**

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগ/ইনস্টিটিউট-এ ভর্তির জন্য আবেদন করা যাবে তা ওয়েবসাইটে প্রদত্ত ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

মানবিক শাখার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের মানবিক শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ যে সকল প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.০ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.০ থাকতে হবে) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

বিজ্ঞান, কৃষিবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখা থেকে আগত যে সকল প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৮.০ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.৫ থাকতে হবে) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ব্যবসায় শিক্ষা শাখায় উচ্চ মাধ্যমিক, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ, ডিপ্লোমা-ইন-কমার্স ও বিজনেস ম্যানেজমেন্ট শাখা থেকে আগত প্রার্থীদের মধ্যে যাদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.৫ থাকতে হবে) আছে কেবল তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কোন বিষয়ে বি-গ্রেড (গ্রেড পয়েন্ট ৩.০) এর নিচে আবেদন গ্রহণযোগ্য হবে না। এই ইউনিটের আওতায় যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সে-বিষয়ে অথবা ঐ বিষয়ের সঙ্গে সম্বন্ধযুক্ত অনুমোদিত বিষয়ে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন গ্রেড/গ্রেড পয়েন্ট প্রাপ্তির শর্তাদি এবং বিভাগীয় শর্তাদি ওয়েবসাইটে প্রদত্ত ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

**চ-ইউনিট: চারুকলা অনুষদ**

**এই ইউনিটের আওতায় নিম্নোক্ত বিভাগগুলোতে ভর্তির জন্য আবেদন করা যাবে:**

১. অঙ্কন ও চিত্রায়ণ ২. গ্রাফিক ডিজাইন ৩. প্রিন্টমেকিং ৪. প্রাচ্যকলা ৫. মৃৎশিল্প ৬. ভাস্কর্য ৭. কারুশিল্প ও ৮. শিল্পকলার ইতিহাস।
উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার যে কোন শাখায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.৫ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ-৩.০ থাকতে হবে) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন গ্রেড/গ্রেড পয়েন্ট প্রাপ্তির শর্তাদি এবং বিভাগীয় শর্তাদি ওয়েবসাইটে প্রদত্ত ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

**সাধারণ নিয়মাবলী (সকল ইউনিটের ক্ষেত্রে প্রযোজ্য)**

১। **IGCSE/O Level** এবং **IAL/GCE A Level** প্রার্থীর ক্ষেত্রে: ২০১২ সন থেকে ২০১৫ সন পর্যন্ত **IGCSE/O Level** পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০১৭ সনের ফল প্রকাশিত **IAL/GCE A Level** পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রী ভর্তির জন্য আবেদন করতে পারবে। তাদের **IGCSE/O Level** এবং **IAL/GCE A Level** মোট ৭টি বিষয়ের মধ্যে যথাক্রমে ৪টি বিষয়ে কমপক্ষে বি-গ্রেড ও ৩টি বিষয়ে কমপক্ষে সি-গ্রেড থাকতে হবে।

২। সমমানের বিদেশী সার্টিফিকেট/ডিপ্লোমাধারী প্রার্থীরা সংশ্লিষ্ট ইউনিট প্রধানের অনুমতি সাপেক্ষে আবেদন করতে পারবে। তবে সংশ্লিষ্ট অনুষদ কর্তৃক সমতা নিরূপিত হলেই কেবল তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ ছাড়াও সকল প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিট কর্তৃক নির্ধারিত অন্যান্য শর্ত পূরণ করতে হবে।

**কোটায় ভর্তি**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর ওয়ার্ডকোটা (কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী) উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠি, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধি (দৃষ্টি, বাক ও শ্রবণ) ও মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার নাতি/নাতনীসহ/খেলোয়াড় (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের) কোটায় ভর্তি প্রার্থীদেরকে সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশের ৭ (সাত) দিনের মধ্যে ঐ ইউনিটে ডিন অফিস থেকে ভর্তি পরিক্ষার প্রবেশপত্র প্রদর্শনপূর্বক নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে।

(ক) ওয়ার্ড কোটার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অফিস প্রধানের প্রত্যয়নপত্রসহ।
(খ) উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠি কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠি প্রধান/জেলা প্রশাসক এর সনদপত্রের সত্যায়িত ফটোকপিসহ।
(গ) হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্রসহ।
(ঘ) প্রতিবন্ধি কোটার (দৃষ্টি, বাক ও শ্রবণ) ক্ষেত্রে সঠিকতার সনদপত্রসহ।
(ঙ) মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার নাতি/নাতনীসহ কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র অথবা ১৯৯৭ সন থেকে ২০০১ সন পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধার সনদপত্রসহ।
(চ) খেলোয়াড় কোটায় শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আবেদন করতে পারবে। এ ক্ষেত্রে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সনদপত্রপ্রাপ্ত হতে হবে।

উপরোক্ত কোটার নির্ধারিত ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করে যে কোটায় ভর্তি হতে ইচ্ছুক তার প্রত্যয়নপত্র/সনদপত্র/প্রমাণপত্র সংশ্লিষ্ট ইউনিট প্রধানের অফিসে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।

যাদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ নেই কিন্তু সনদের জন্য আবেদন করেছে তাদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তবে ভর্তির জন্য চূড়ান্ত নির্বাচনের পূর্বে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র জমা দিতে হবে।

**ভর্তি পরীক্ষার সময়সূচিঃ**

| ইউনিট | তারিখ | বার | সময়সূচি |
|---|---|---|---|
| গ-ইউনিট | ১৫/০৯/২০১৭ | শুক্রবার | সকাল ১০.০০টা থেকে ১১.০০টা পর্যন্ত |
| চ-ইউনিট | ১৬/০৯/২০১৭(সাধারণ জ্ঞান) | শনিবার | সকাল ১০.০০টা থেকে ১১.০০টা পর্যন্ত |
| খ-ইউনিট | ২২/০৯/২০১৭ | শুক্রবার | সকাল ১০.০০টা থেকে ১১.০০টা পর্যন্ত |
| চ-ইউনিট | ২৩/০৯/২০১৭ (অঙ্কন) | শনিবার | সকাল ১০.০০টা থেকে ১১.৩০টা পর্যন্ত |
| ক-ইউনিট | ১৩/১০/২০১৭ | শুক্রবার | সকাল ১০.০০টা থেকে ১১.৩০টা পর্যন্ত |
| ঘ-ইউনিট | ২০/১০/২০১৭ | শুক্রবার | সকাল ১০.০০টা থেকে ১১.০০টা পর্যন্ত |

ভর্তি-পরীক্ষা এমসিকিউ (MCQ) পদ্ধতিতে গ্রহণ করা হবে এবং প্রতি ভুল উত্তরের জন্য নম্বর কাটা হবে। এ সম্পর্কে ওয়েবসাইটে প্রদত্ত প্রতিটি ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে সকল ইউনিটে ভর্তি প্রার্থীদের পরীক্ষা কেন্দ্রে Mobile Phone, Calculator, Electronic Device সম্বলিত ঘড়ি ও কলম ব্যবহার করা সম্পূর্ণ নিষেধ।

ওয়েবসাইটে প্রদত্ত ভর্তি-নির্দেশিকায় উল্লেখ নেই ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে সংশ্লিষ্ট ইউনিট কার্যালয়ে যোগাযোগ করতে হবে।

**অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদনের জন্য আবেদনকারীর করণীয়ঃ**

১. আবেদনকারীকে ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল কার্যাবলী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ওয়েবসাইট (http://admission.eis.du.ac.bd) এর মাধ্যমে করতে হবে। এই সাইটে আবেদনকারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল ইউনিট এর ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, নোটিশ এবং লিঙ্ক সমূহ দেখতে পাবে। যে কোন ইউনিটে আবেদন করার পূর্বে ভর্তি সংক্রান্ত নির্দেশিকা ও ওয়েবসাইট নির্দেশিকা ভাল করে পড়ে নিন। এছাড়াও প্রতি পেইজের উপরে হলুদ বক্সের নির্দেশনাবলী পড়ে নিন।

২. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন **০৭ আগষ্ট, ২০১৭, অপরাহ্ন ২:০০টা হতে ২৯ আগষ্ট, ২০১৭ রাত ১০:০০টা** পর্যন্ত করা যাবে।

৩. যে কোন ইউনিট এ ভর্তির আবেদন করার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ওয়েবসাইট এর **'আবেদন/লগইন'** বাটনে ক্লিক করতে হবে।

৪. **'আবেদন/লগইন'** বাটনে ক্লিক করার পর **'আবেদন/লগইন'** এর তথ্যের পেইজে আবেদনকারীর উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষার রোল নম্বর, পাসের সন ও বোর্ডের নাম এবং **মাধ্যমিক বা সমমানের** পরীক্ষার রোল নম্বর প্রদান করে **'অগ্রসর হোন'** বাটনে ক্লিক করুন এবং পরবর্তী পেইজে আবেদনকারীর উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক পরীক্ষার তথ্যাবলী এবং আবেদনকারী যে সকল ইউনিটে আবেদন করার যোগ্যতা রাখেন তা দেখা গেলে **'নিশ্চিত করছি'** বাটন-এ ক্লিক করতে হবে।

৫. আবেদনকারী ইতোমধ্যে কোন ইউনিটে আবেদন না করে থাকলে ওয়েবসাইটের মাধ্যমে আবেদনকারীর নির্দিষ্ট ফরম্যাটের একটি ফরমাল ছবি, ব্যক্তিগত মোবাইল নম্বর ও কোটার তথ্য চাওয়া হবে। তবে যে কোন ইউনিটে ইতিমধ্যে আবেদন করে থাকলে তথ্যগুলো পুনরায় দিতে হবে না। শুধুমাত্র বিকেএসপি হতে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা **খেলোয়াড় কোটায়** আবেদন করতে পারবে।

৬. ছবি এবং অন্যান্য তথ্যাবলী দেয়া হলে পরবর্তী পেইজে সেগুলো নিশ্চিত করতে বলা হবে। নিশ্চিত করার জন্য আবেদনকারীকে যেকোনো মোবাইল অপারেটরের নম্বর থেকে একটি এসএমএস ১৬৩২১ নম্বরে পাঠাতে হবে। এসএমএস-টির ফরম্যাট আবেদনকারী সেই পেইজে দেখতে পাবে। এসএমএস-টি পাঠানো হলে ফিরতি এসএমএস-এ আবেদনকারী ৭ (সাত) অক্ষরের একটি কনফার্মেশন কোড পাবে। এই কনফর্মেশন কোডটি আবেদনকারী পেইজের নির্ধারিত স্থানে দেয়ার পর **'নিশ্চিত করছি'** বাটনে ক্লিক করতে হবে।

৭. সঠিক কনফার্মেশন কোড দেয়া হলে আবেদনের মূল পাতা (সকল ইউনিটের জন্য প্রযোজ্য) দেখা যাবে। এই পেইজের মাধ্যমে আবেদনকারী যে সকল ইউনিটে আবেদন করার যোগ্যতা রাখেন সে সকল ইউনিটে আবেদন করে টাকা জমার রশিদ সংগ্রহ করতে পারবে। এই পাতায় উল্লেখিত ইউনিটসমূহের যেকোনটিতে আবেদন করার জন্য ইউনিটের পাশের **'আবেদন'** বাটনে ক্লিক করতে হবে। **'আবেদন'** বাটনে ক্লিক করার পর উক্ত ইউনিটের **'আবেদন'** বাটনটির স্থানে একটি সবুজ রঙের টিক চিহ্ন দেখা যাবে এবং সেই ইউনিটের টাকা জমার রশিদ (পেমেন্ট স্লিপ) এর ডাউনলোডের লিঙ্ক পাওয়া যাবে। এছাড়া পরবর্তীতে এই পেইজ থেকে আবেদনকারী তার আবেদনকৃত সকল ইউনিটের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ বা আসন বিন্যাস, ফলাফল ইত্যাদি জানতে পারবে।

৮. উপরোক্ত পেইজ থেকে যে ইউনিটের টাকা জমার রশিদ (পেমেন্ট স্লিপ) সংগ্রহ করতে ইচ্ছুক সেই ইউনিটের টাকা জমার রশিদ (পেমেন্ট স্লিপ) ডাউনলোডের লিঙ্কে ক্লিক করে রশিদটি ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে। পেমেন্ট স্লিপটির দুইটি অংশ থাকবে; উপরেরটি আবেদনকারীর অংশ এবং নিচেরটি ব্যাংকের অংশ।
**সতর্কীকরণঃ টাকা জমার আবেদনকারীর অংশটি ভর্তি পরীক্ষার প্রবেশপত্র নয়। পরীক্ষার প্রবেশপত্রের বিকল্প হিসেবেও টাকা জমার রশিদের অংশটুকু ব্যবহার করা যাবে না।**

৯. টাকা জমার রশিদের তথ্যসমূহ ও আবেদনকারীর ছবি সঠিক আছে কিনা যাচাই করে নিতে হবে। এরপর টাকা জমার রশিদের দুইটি অংশেই নির্ধারিত স্থানে আবেদনকারী স্বাক্ষর করে **৩০ আগষ্ট, ২০১৭** তারিখের মধ্যে রশিদে উল্লেখিত পরিমাণ টাকা (ভর্তি পরীক্ষার ফি, অনলাইন সার্ভিস ফি ও ব্যাংক চার্জ) দেশের ৪টি রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংক (জনতা, সোনালী, অগ্রণী ও রূপালী)-এর যে কোন শাখায় গিয়ে ব্যাংক চলাকালীন সময়ে জমা দিতে হবে। ব্যাংক কর্তৃপক্ষ টাকা জমার প্রমাণস্বরূপ টাকা জমার রশিদের আবেদনকারীর অংশ কেটে আবেদনকারীকে ফেরত দিবে।

১০. কোন ইউনিটে আবেদনকারীর ব্যাংকে টাকা জমা দেওয়ার তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পৌছালে তা সংশ্লিষ্ট ইউনিটের 'পেমেন্ট' কলামে একটি সবুজ রঙের টিক চিহ্ন দেখা যাবে। ব্যাংক-এ টাকা জমা না হলে আবেদনকারী সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। গ এবং চ ইউনিটে আবেদনকারী পরীক্ষার্থীরা **৩০ আগষ্ট, ২০১৭** এবং ক, খ, এবং ঘ ইউনিটে আবেদনকারী পরীক্ষার্থীরা **১২ সেপ্টেম্বর, ২০১৭** তারিখ হতে ভর্তি পরীক্ষা শুরু হবার ১ ঘন্টা আগ পর্যন্ত সংশ্লিষ্ট ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে।

১১. IGCSE (ও লেভেল) এবং A Level (এ লেভেল) ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বা বিদেশী সার্টিফিকেটধারী ক ও ঘ ইউনিটে আবেদনকারীদের বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে এবং খ ও গ ইউনিটে আবেদনকারীদের বাণিজ্য অনুষদের ডিন অফিস থেকে প্রদত্ত Equivalent ID মাধ্যমিক/উচ্চ মাধ্যমিকের রোল নম্বরের স্থানে ব্যবহার করে যথানিয়মে টাকা জমা দেওয়ার রশিদ সংগ্রহ করতে হবে।

**প্রশাসনিক ভবন**
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০
তারিখঃ........../২০১৭
জিডি-১৫৮৬

**রেজিস্ট্রার**
ঢাকা বিশ্ববিদ্যালয়